**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(প্রশাসন শাখা)
www.supremecourt.gov.bd

| | | |
|---|---|---|
| বিজ্ঞপ্তি নং- ১৮৬ | এ, | তারিখঃ ০৫ চৈত্র ১৪২৬ বঙ্গাব্দ / ১৯ মার্চ ২০২০ খ্রিস্টাব্দ |

**বিষয়ঃ দেশের অধস্তন আদালতসমূহে কারাবন্দি-আসামিদের জামিন শুনানীকালে এবং মামলার অন্যান্য কার্যক্রমে আদালত কক্ষে হাজির না করা প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, করোনাভাইরাস (কভিড-১৯) জনিত উদ্ভূত পরিস্থিতিতে কারাগার হতে কারাবন্দি-আসামিদের জামিন শুনানীকালে এবং মামলার অন্যান্য কার্যক্রমে আদালতে উপস্থিতকরণ অত্যন্ত ঝুকিপূর্ণ। বর্ণিতাবস্থায়, জামিন শুনানীকালে এবং মামলার অন্যান্য কার্যক্রমে কারাবন্দি-আসামিদের কারাগার হতে প্রিজনভ্যান বা অন্যকোনভাবে আদালত কক্ষে হাজির করা যাবে না। কারাবন্দি-আসামিদের কারাগারে রেখে জামিন শুনানী করতে হবে। অন্যান্য ক্ষেত্রে প্রয়োজনে মামলার কার্যক্রম মুলতবি করতে হবে।

০২। এমতাবস্থায়, পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত দেশের অধস্তন আদালতসসূহে জামিন শুনানীকালে এবং মামলার অন্যান্য কার্যক্রমে **কারাবন্দি-আসামিদের** কারাগার হতে প্রিজনভ্যান বা অন্যকোনভাবে আদালত কক্ষে হাজির **না করার** নির্দেশ প্রদান করা হলো।

০৩। এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

**স্বাঃ/-**
**(মোঃ আলী আকবর)**
রেজিস্ট্রার জেনারেল
বাংলাদেশ সুপ্রীম কোর্ট

| | | |
|---|---|---|
| স্মারক নং- ২৬০৯ | এ, | তারিখঃ ০৫ চৈত্র ১৪২৬ বঙ্গাব্দ / ১৯ মার্চ ২০২০ খ্রিস্টাব্দ |

**কার্যার্থে ও জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-**

১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহা পুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, বাংলাদেশ পুলিশ হেডকোয়াটার, ঢাকা।
৩। জেলা ও দায়রা জজ,------------------------------------------------ ----------- (সকল)।
৪। মহানগর দায়রা জজ, ------------------------------------------------------------ (সকল)।
৫। পুলিশ কমিশনার, ------------------------------------------------------------------(সকল)।
৬। বিভাগীয় বিশেষ জজ, বিভাগীয় বিশেষ জজ আদালত, -----------------------------------(সকল)।
৭। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমনট্রাইব্যুনাল, -------------------------- (সকল)।
৮। বিচারক(জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমনট্রাইব্যুনাল,------- ------------ (সকল)।
৯। বিচারক (জেলা জজ), দ্রুত বিচারট্রাইব্যুনাল,--------- -------------------- --------- (সকল)।
১০। বিচারক (জেলা জজ), সন্ত্রাস বিরোধী বিশেষট্রাইব্যুনাল, -------------------- --------- (সকল)।
১১। সদস্য (জেলা জজ), প্রশাসনিক অ্যাপীলেটট্রাইব্যুনাল, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
১২। সদস্য (জেলা জজ), প্রশাসনিকট্রাইব্যুনাল,----- ------------------------------------- (সকল)
১৩। সদস্য (জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
১৪। চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত, -------------------------------------------- (সকল)।
১৫। স্পেশাল জজ (জেলা জজ), স্পেশাল জজ আদালত -------------------------------------(সকল)।
১৬। বিচারক ( জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা।
১৭। সদস্য (জেলা জজ), কাস্টমস্ এক্সসাইজ ও ভ্যাট আপীলাতট্রাইব্যুনাল,---------------- (সকল)।
১৮। চেয়ারম্যান (জেলা জজ), ১ম/২য়, কোর্ট অব সেটেলমেন্ট, সেগুন বাগিচা, ঢাকা।

১৯। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, ঢাকা।
২০। চেয়ারম্যান (জেলা জজ), নিম্নতম মজুরী বোর্ড, তোপখানা রোড, ঢাকা।
২১। বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।
২২। সচিব (জেলা জজ), বাংলাদেশ বার কাউন্সিল, রমনা, ঢাকা।
২৩। সদস্য (জেলা জজ), ট্যাকসেস অ্যাপীলেট ট্রাইব্যুনাল, দ্বৈত বেঞ্চ-৫, ঢাকা।
২৪। পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫, বেইলী রোড, ঢাকা।
২৫। সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৬। রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, পুরাতন হাইকোর্ট ভবন, ঢাকা।
২৭। বিচারক (জেলা ও দায়রা জজ), মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল, ...................... (সকল)।
২৮। পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইন্সটিটিউট, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৯। সচিব, আইন কমিশন, ১৫, কলেজ রোড, ঢাকা।
৩০। মহা-পরিচালক (লিগ্যাল এন্ড প্রসিকিউশন), দুর্নীতি দমন কমিশন, সেগুন বাগিচা, ঢাকা।
৩১। মহা-পরিদর্শক, (নিবন্ধন), নিবন্ধন পরিদপ্তর, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
৩২। কারা মহা পরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা। (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৩৩। যুগ্ম সচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩৪। যুগ্ম সচিব (আইন প্রণয়ন), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩৫। আইন উপদেষ্টা, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৬। আইন উপদেষ্টা (জেলা জজ), কাস্টমস হাউস, চট্টগ্রাম।
৩৭। উপ-সচিব (লিগ্যাল), প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৮। পরিচালক (অভিযোগ ও তদন্ত), জাতীয় মানবাধিকার কমিশন, ঢাকা।
৩৯। আইন কর্মকর্তা, পুলিশ হেডকোয়ার্টারস, ঢাকা।
৪০। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,--------------------------------------------------------(সকল)।
৪১। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,--------------------------------------------------------(সকল)।

প্রযোজ্য ক্ষেত্রে প্রশাসনিক নিয়ন্ত্রণে কর্মরত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ

৪২। পুলিশ সুপার, -------------------------------------------------------------------(সকল)।
৪৩। সভাপতি/সাধারণ সম্পাদক, জেলা আইনজীবী সমিতি-----------------------------------(সকল)।
৪৪। আইন কর্মকর্তা, তথ্য মন্ত্রণালয় (আইন শাখা), বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৫। আইন কর্মকর্তা, বর্ডার গার্ড বাংলাদেশ, ঢাকা।
৪৬। রেজিস্ট্রার, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল, ১৪ আঃ গণি রোড, ঢাকা।
৪৭। আইন কর্মকর্তা, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৪৮। জেল সুপার, -------------------------------------------------------------------(সকল)।
৪৯। গবেষণা ও তথ্য কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা [সংরক্ষণের জন্য]
৫০। রেজিস্ট্রার, পার্বত্য চট্টগ্রাম ভূমি বিরোধ নিস্পত্তি কমিশন, খাগড়াছড়ি।
৫১। মাননীয় প্রধান বিচারপতির সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
৫২। মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা।
৫৩। রেজিস্ট্রার জেনারেলের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৫৪। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

১৭.০৬.২০২০

**(মিটফুল ইসলাম)**
সহকারী রেজিস্ট্রার (প্রশাসন) (ভাঃপ্রাঃ)